

## ১.৩. ছড়া (Rhymes)

লোকসাহিত্যের অন্যতম শাখা হলো ছড়া (Rhymes)। হরিচরণ বন্দ্যোপাধ্যায় 'বঙ্গীয় শব্দকোষ'-এ ছড়ার অর্থ করেছেন গ্রাম্য কবিতা। জ্ঞানেন্দ্রমোহন দাসের 'বাংলা ভাষার অভিধান'-এ ছড়াকে বলা হয়েছে ছন্দোবদ্ধ পদ পরম্পরা। ড. সুকুমার সেনের মতে— শ্রোতাদের মনোযোগ যা টানত, তা হলো গান আর কবিতা-ছত্র। আর এই কবিতাছত্রই ছড়া নামে পরিচিত দুটি